ইত্তেফাক | 77

তারিখ ...১।১২।৮১...
পৃষ্ঠা ... কলাম ...

# নড়াইল ডিগ্রী কলেজে শিক্ষকের অভাব

নড়াইল (যশোর), ২৯শে নবেম্বর (নিজস্ব সংবাদদাতা)—দেশের অন্যতম প্রাচীন বিদ্যাপীঠ নড়াইল ভিক্টোরিয়া কলেজটি সরকারী কলেজ হওয়ার পর হইতে প্রয়োজনীয় শিক্ষকের অভাবে ছাত্র-ছাত্রীদের পড়াশুনা ব্যাহত হইতেছে বলিয়া জানা গিয়াছে। প্রায় আটশত ছাত্র-ছাত্রী এই কলেজে অধ্যয়ন করিতেছে। কলেজে কোন উপাধ্যক্ষ নাই। সহকারী অধ্যাপকের ১৬টি পদ থাকিলেও বর্তমানে মাত্র দুইজন সহকারী অধ্যাপক আছেন।

(৫ম পৃঃ দ্রঃ)

## শিক্ষকের অভাব

(৩য় পৃঃ পর)

লেকচারারের ২৮টি পদের ৬টি এবং ডেমোনেষ্ট্রেটরের ৫টি পদের ৪টি পদই শূন্য। ইংরেজী বিভাগে দুইজন সহকারী অধ্যাপক ও ৩ জন লেকচারারের স্থলে আছেন মাত্র একজন লেকচারার। শিক্ষকের অভাবে স্নাতক ও উচ্চ মাধ্যমিক শ্রেণীতে মাসের পর মাস ইংরেজী ক্লাস লওয়া হয় না।

অর্থনীতি, অংক ও সাধারণ ইতিহাস বিভাগে একজনসহকারী অধ্যাপক ও দুইজন লেকচারারের স্থলে প্রত্যেক বিভাগে মাত্র এক-জন করিয়া লেকচারার আছেন। রাষ্ট্রবিজ্ঞান, রসায়নশাস্ত্র, পদার্থ-বিজ্ঞান, হিসাব সংরক্ষণ এবং ব্যবস্থাপনা বিভাগে একজন সহকারী অধ্যাপক ও দুইজন লেক-চারারের পদে প্রত্যেক বিভাগে মাত্র দুইজন লেকচারার কর্মরত আছেন। বাংলা বিভাগের পাঁচটি পদে তিনজন, উদ্ভিদবিদ্যা ও প্রাণীবিদ্যা বিভাগের ৪টি পদে আছেন মাত্র দুইজন লেকচারার। কৃষি বিজ্ঞান বিভাগে আদৌ কোন শিক্ষক নাই।

প্রকাশ, রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কলেজটিতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক না থাকায় স্নাতক শ্রেণীর কলা ও বিজ্ঞান বিভাগের প্রথম বর্ষে এ বৎসর ছাত্র-ছাত্রী ভর্তি না করিবার নির্দেশ দিয়াছেন। অধ্যক্ষ জানান যে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এই নির্দেশের অনুলিপিসহ জনশিক্ষা পরিচালককে বারবার শিক্ষক নিয়োগের আবেদন জানাইয়াও কোন ফল হয় নাই।